



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 3/17/2019

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো

নিসেকুমোগ রিভার স্টেট পার্কে নতুন স্বস্তিকা চিহ্নগুলি অন্তর্ভুক্ত করতে গভর্নর কুওমো স্টেট পুলিশ হেট ক্রাইম টাস্ক ফোর্সকে তদন্ত সম্প্রসারণ করার নির্দেশ দিয়েছেন

"লং আইল্যান্ডের নিসেকুমোগ রিভার স্টেট পার্ক, যেখানে স্টেট পুলিশ গত মাসে খুঁজে পাওয়া ঘৃণাপূর্ণ বার্তাগুলির বর্তমানে তদন্ত করছে সেখানে নতুন স্বস্তিকা চিহ্ন এবং ঘৃণার প্রকাশ দেখে আমি হতভম্ব হয়ে গেছি।

আমাদের স্টেট পার্কগুলির উচিত আমাদের কমিউনিটিগুলির উন্নয়ন এবং মানুষকে সঙ্ঘবদ্ধ করা। এই বিরক্তিকর দেওয়ালের ছবিকে অন্তর্ভুক্ত করতে আমি স্টেট পুলিশ হেট ক্রাইম টাস্ক ফোর্সকে তাদের চলতে থাকা তদন্ত সম্প্রসারিত করার নির্দেশ দিচ্ছি, এবং এগুলি যারা করেছে আইন অনুযায়ী তাদের যথাযথ শাস্তি পেতে হবে।

নিউ ইয়র্কে, যে কোনো ধরণের ইহুদিবিদ্বেষের জন্য আমরা শূন্য সহনশীলতা মেনে চলি। ইহুদি সম্প্রদায় সহ আমরা সব সম্প্রদায়ের পাশে থাকবো, আমরা ঘৃণা ও বিভাজনের বিরুদ্ধে, এবং আমরা জানি যে চার অক্ষরের সব থেকে শক্তিশালী শব্দ ঘৃণা নয় - ভালোবাসা। "

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

[আনসারস্কাইব করুন](#)